



স্মারক নং- ৪৫.০০.০০০০.১৮২.১১.১০০.২০-১৬

তারিখঃ ০৬ মাঘ ১৪২৭
২০ জানুয়ারি ২০২১

বিষয়: ঔষধ প্রশাসন অধিদপ্তরের অর্গানোগ্রামভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণির সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র।

সূত্র: ঔষধ প্রশাসন অধিদপ্তরের স্মারক নং ডিজিডিএ/১-৯/২০০৩/৪১, তারিখ: ১৩/০১/২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ খ্রি. তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) সংখ্যক পরিপত্রের নির্দেশনা মোতাবেক নিয়োগ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণসহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন ঔষধ প্রশাসন অধিদপ্তরের অর্গানোগ্রামভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণির সরাসরি নিয়োগযোগ্য নিম্নোক্ত ৪০ (চল্লিশ) টি শূন্য পদে বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হলো ও নিয়োগের বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

৩য় শ্রেণী:

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা
০১.	হিসাব সহকারী	০৩ (তিন)টি
০২.	সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর	০৩ (তিন)টি
০৩.	টেকনিক্যাল এসিস্টেন্ট	০৩ (তিন)টি
০৪.	স্টোরকিপার	০৩ (তিন)টি
০৫.	ইনস্ট্রুমেন্ট মেকানিক	০১ (এক)টি
০৬.	ল্যাবরেটরী এসিস্টেন্ট	০৮ (আট)টি
০৭.	অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর	০৯ (নয়)টি
	৩য় শ্রেণীর মোট শূন্য পদ	৩০ (ত্রিশ)টি

৪র্থ শ্রেণী:

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা
০১.	ক্যাশ সরকার	০১ (এক)টি
০২.	ফটোকপি অপারেটর	০১ (এক)টি
০৩.	অফিস সহায়ক	০৭ (সাত)টি
০৪.	পরিচ্ছন্নতা কর্মী	০১ (এক)টি
	৪র্থ শ্রেণীর মোট শূন্য পদ	১০ (দশ)টি

শর্তাবলী:

- (১) সকল আনুষ্ঠানিকতা পালনসহ ঔষধ প্রশাসন অধিদপ্তরের (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১২ অনুযায়ী নিয়োগ প্রদান করতে হবে;
- (২) নিয়োগ সংক্রান্ত প্রচলিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৩) অস্থায়ী পদসমূহ (যদি থাকে) হালনাগাদ সংরক্ষণ করতে হবে;
- (৪) পদোন্নতিযোগ্য শূন্য পদে এবং আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য পদে সরাসরি জনবল নিয়োগ করা যাবে না;
- (৫) জনবল নিয়োগের ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে;
- (৬) ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত শূন্য পদের সংখ্যায় এবং অন্যান্য তথ্যে কোন গরমিল/ তারতম্য পরিলক্ষিত হলে সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এবং স্ব স্ব প্রতিষ্ঠানের তথ্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন;

স্বাক্ষর

চলমান পাতা-২

- (৭) বর্তমানে ছাড়কৃত ৪০ (চল্লিশ) টি পদের মধ্যে যদি পূর্বে ছাড়কৃত কোন পদ অন্তর্ভুক্ত থাকে/ নিয়োগ কার্যক্রম চলমান থাকে/ পদের বিরুদ্ধে মামলা থাকে, সেসব পদে জনবল নিয়োগ করা যাবে না;
- (৮) সাংগঠনিক কাঠামো ও পদসৃজনের আদেশে অবশ্যই প্রস্তাবিত পদ থাকতে হবে। তবে, পদ সৃজনের আদেশে পদ থাকলে ঔষধ প্রশাসন অধিদপ্তরের (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১২ এর তফসিলে উক্ত পদ না থাকলে নিয়োগ দেয়া যাবে না;
- (৯) সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালায় নেই এমন কোন পদে নিয়োগ দেয়া যাবে না এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সরাসরি নিয়োগযোগ্য প্রতিটি পদের ক্ষেত্রে শূন্য পদের মধ্যে ১০% পদ সংরক্ষণ রাখতে হবে;
- (১০) প্রস্তাবকৃত শূন্য পদ, পদোন্নতিযোগ্য পদ, পদ সৃজন, মামলা ইত্যাদি যাচাই বাছাই করে নিয়োগ প্রদান করতে হবে।

স্বাঃ/-
মোহাম্মদ মোস্তাফিজুর রহমান
সহকারী সচিব
ফোন- ৯৫৪৫৪৬২
E-mail: drugad1@hsd.gov.bd


মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৮২.১১.১০০.২০-১৬/১(৫)

তারিখঃ ০৬ মাঘ ১৪২৭
২০ জানুয়ারি ২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস নথি।


২০-০১-২০২১
মোহাম্মদ মোস্তাফিজুর রহমান
সহকারী সচিব